

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট।
www.companiganj.sylhet.gov.bd


স্মারক নং- ০৫.৪৬.৯১২৭.০০১.০১.০১৩.১৭- ২৫৫

তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৭/০২/২০২৪ তারিখ ১৪৩১ বাংলা সনের জন্য কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ দশ নম্বর ঘাট থেকে সাদা পাথর পর্যটন ঘাট ও ভোলাগঞ্জ দশ নম্বর গাড়ি পার্কিং এলাকা ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর- ২২৫৯/২০২৪ এর ২৮/০২/২০২৪ তারিখের রায়ে ইজারা বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিতাদেশ প্রদান করা হয় এবং ১৪৩০ বাংলা সনের ইজারামূল্যের অতিরিক্ত ১৫% বর্ধিত হারে বর্তমান ইজারাপ্রার্থী জনাব কাজী মো: মোস্তাফিজুর রহমানের অনুকূলে কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ দশ নম্বর ঘাট থেকে সাদা পাথর পর্যটন ঘাট ও ভোলাগঞ্জ দশ নম্বর গাড়ি পার্কিং এলাকা ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের রায় প্রদান করেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রায়, বিজ্ঞ জিপি, সিলেটের আইনগত মতামত এবং উপজেলা পর্যটন উন্নয়ন কমিটির ০৩/০৩/২০২৪ তারিখের সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ দশ নম্বর ঘাট থেকে সাদা পাথর পর্যটন ঘাট ও ভোলাগঞ্জ দশ নম্বর গাড়ি পার্কিং এলাকা ১৪৩১ বাংলা সনের জন্য কাজী মো: মোস্তাফিজুর রহমানের অনুকূলে ইজারা প্রদান করা হয়েছে। ফলে ১৪৩১ বাংলা সনের জন্য প্রকাশিত ইজারা বিজ্ঞপ্তি পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত করা হলো।


মুক্তাজিত কুমার চন্দ্র
উপজেলা নির্বাহী অফিসার

কোম্পানীগঞ্জ, সিলেট।
Email-unocompaniganjsylhet@gmail.com
ফোন: ৫৬০০১-০৮২২৫ (অঃ)

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-০৪ ও ১নং উপদেষ্টা, উপজেলা পর্যটন উন্নয়ন কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট
- ০২। বিজ্ঞ ডেপুটি এটর্নি জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (মহামান্য হাইকোর্ট বিভাগের সদয় নজরে আনা যেতে পারে)
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ২নং উপদেষ্টা উপজেলা পর্যটন উন্নয়ন কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট
- ০৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট
- ০৬। অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ, সিলেট
- ০৭। উপজেলাকর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট
- ০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ০৯। চেয়ারম্যান, ইউপি (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট
- ১০। জনাব কোম্পানীগঞ্জ, সিলেট